গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

সিস্টেমস ম্যানেজার দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ডাইরী নং ....... তারিখ ২০/০৩/২৬

নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০৪.০৯০.২৩/৯০২(২৫)

তারিখ: ০৯ মার্চ, ২০২৬ খ্রিঃ।

**বিষয়: আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ১৭ মার্চ, ২০২৬ থেকে ২৩ মার্চ, ২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনগুলোতে কাস্টমস হাউস/ স্টেশনসমূহে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম চলমান রাখা প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর পত্র নং-বিজিএ/কাস/২০২৬/২৫১১, তারিখ: ০৪/০৩/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের আমদানি রপ্তানি বাণিজ্য নিরবচ্ছিন্ন রাখার অভিপ্রায়ে আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে ১৭ মার্চ, ২০২৬ থেকে ২৩ মার্চ, ২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনে আমদানি-রপ্তানি সংক্রান্ত কার্যক্রম সীমিত আকারে চলমান রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

09/03/26
রেজাউল করিম
দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

প্রাপক:

১-৮। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও/আইসিডি, চট্টগ্রাম/ভোমরা।

৯-২৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (পশ্চিম)/ঢাকা (পূর্ব)/ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম/রাজশাহী/যশোর/ খুলনা/সিলেট/রংপুর/কুমিল্লা/নারায়নগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।

২৫। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে আলোচ্য স্মারকটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (www.nbr.gov.bd) এ আপলোড করার অনুরোধসহ)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা (সংশ্লিষ্ট সকল বাণিজ্যিক ব্যাংককে বিষয়টি অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য সবিনয় অনুরোধ করা হলো)।

২। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, চেম্বার ভবন, মতিঝিল বা/এ, ঢাকা (তাঁর ফেডারেশনভুক্ত সকল চেম্বারকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৩-৫। প্রেসিডেন্ট, ফরেন চেম্বার এসোসিয়েশন ঢাকা/মেট্রোপলিটন চেম্বার এসোসিয়েশন/সিসিসিআই, চট্টগ্রাম।

৬। প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী-৭/৭এ, ব্লক-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা (তাঁর সমিতিভুক্ত সকল প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৭। প্রেসিডেন্ট, বিকেএমইএ, সোনারতরী টাওয়ার, বাংলা মোটর, ঢাকা (তাঁর সমিতিভুক্ত সকল প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৮। প্রেসিডেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আগ্রাবাদ, চট্টগ্রাম (তাঁর সমিতিভুক্ত সকল স্টেকহোল্ডারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৯। প্রেসিডেন্ট, শিপিং এজেন্টস এসোসিয়েশন, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম (তাঁর ফেডারেশনভুক্ত সকল সদস্য অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

১০। প্রেসিডেন্ট, বাংলাদেশে ইনল্যান্ড কনটেইনার ডিপো এসোসিয়েশন, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম (তাঁর ফেডারেশনভুক্ত সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

১১। প্রেসিডেন্ট, কন্টেইনার শিপিং এজেন্টস এসোসিয়েশন, আগ্রাবাদ, চট্টগ্রাম (তাঁর ফেডারেশনভুক্ত সকল সদস্যকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

১২। প্রেসিডেন্ট, ফেডারেশন অব সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা (তাঁর ফেডারেশনভুক্ত সকল সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশনকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

১৩। প্রেসিডেন্ট, চিটাগাং সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।

১৪। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে এ বিষয়ে একটি প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মূখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৪। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম (সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

৫। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, খুলনা (সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

৬। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তপক্ষ, চট্টগ্রাম (সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

৭। চেয়ারম্যান, স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন, ঢাকা। (সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

৮। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫২৭

Mahmud Hasan Khan
President

BGMEA

**জরুরী**

বিজিএ/কাস/২০২৬/২৫১১

০৪ মার্চ, ২০২৬

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, ঢাকা - ১২০৭।

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনগুলোতে (ঈদের দিন ব্যতীত) চট্টগ্রাম কাস্টম হাউস'সহ দেশের অন্যান্য কাস্টমস হাউস/স্টেশনসমূহ ও সংশ্লিষ্ট ব্যাংক শাখা খোলা রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বিগত বছরগুলোতে ঈদের ছুটিকালীন সময়ে তৈরি পোশাক রপ্তানির স্বার্থে বন্দরের কাস্টমস হাউস/স্টেশনসমূহের কার্যক্রম চালু রেখে যে সহায়তা প্রদান করেছেন তার জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

আপনি জানেন, রপ্তানিমুখী তৈরি পোশাক খাত ফ্যাশন ও সময় নির্ভর একটি রপ্তানি বাণিজ্য। এখানে লীড টাইম খুবই গুরুত্বপূর্ণ বিষয়। ক্রেতার নির্ধারিত লীড টাইমের মধ্যে পণ্য রপ্তানি করার বাধ্যবাধকতা থাকে। নির্ধারিত সময়ে পণ্য রপ্তানি করতে ব্যর্থ হলে রপ্তানি আদেশটির বিপরীতে প্রাপ্য বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব হয় না। যার ফলে রপ্তানিকারকগণ প্রচুর আর্থিক ক্ষতির সম্মুখীন হয়ে থাকেন এবং দেশ বঞ্চিত হয় মূল্যবান বৈদেশিক মুদ্রা অর্জন হতে।

বর্তমানে পোশাক শিল্প খাত একটি জটিল ও পরিবর্তনশীল অবস্থার সম্মুখীন। বিশ্বের অস্থিতিশীল অর্থনৈতিক অবস্থার মধ্যে সকল প্রতিকূলতা মোকাবেলা করে রপ্তানি বাণিজ্য চলমান রাখতে রপ্তানিকারকগণ আপ্রাণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কিন্তু সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ব্যতীত এ'খাতের রপ্তানি সক্ষমতা টিকিয়ে রাখা সম্ভব নয়। রপ্তানি বাণিজ্যের গতি সচল রাখার স্বার্থে চলমান রপ্তানি আদেশগুলো ক্রেতার নির্ধারিত সময়ের মধ্যে জাহাজীকরণের লক্ষ্যে যথাসময়ে বন্দর, কাস্টমস, ব্যাংক ও ইপিবি'সহ সংশ্লিষ্ট সকলের নিরবিচ্ছিন্ন সহযোগিতা একান্ত প্রয়োজন। অন্যথায় চলমান রপ্তানি আদেশগুলো সময়মত জাহাজীকরণ করতে না পারলে রপ্তানি আদেশ বাতিল হয়ে রপ্তানিকারকগণ দারুন আর্থিক ক্ষতির সম্মুখীন হবেন যা এই সংকটকালীন সময়ে কোনভাবেই কাম্য নয়।

এমতাবস্থায়, চলমান শিপমেন্টগুলো সময়মত জাহাজীকরণের নিমিত্তে ও রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের আমদানি-রপ্তানি কার্যক্রম সচল রাখার স্বার্থে আগামী ১৭ মার্চ হতে ২৩ মার্চ, ২০২৬ তারিখ পর্যন্ত (ঈদের দিন ব্যতীত) সরকারি ও সাপ্তাহিক ছুটির দিনগুলোতে চট্টগ্রাম কাস্টম হাউসসহ দেশের সংশ্লিষ্ট অন্যান্য কাস্টমস হাউস/স্টেশন ও সংশ্লিষ্ট ব্যাংক শাখা অন্যান্য বছরের ন্যায় চালু রাখার প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,

মাহমুদ হাসান খান
সভাপতি

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ-
১। একান্ত সচিব, মাননীয় প্রধান মন্ত্রী, প্রধান মন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।

Shahinur-customs



CamScanner